# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 15.03.24** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনের দিনক্ষণ আগামীকাল ঘোষণা করা হবে।

২) ব্যারাকপুরের সাংসদ অর্জুন সিং এবং তমলুকের তৃণমূল কংগ্রেস সাংসদ দিব্যেন্দু অধিকারী আজ বিজেপিতে যোগ দিয়েছেন।

৩) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির শারীরিক অবস্থা এখন স্থিতিশীল। বিশেষজ্ঞ চিকিৎসকরা আজ তাঁকে বাড়িতে গিয়ে দেখে আসেন।

গতকালের দুর্ঘটনার কারণ খতিয়ে দেখতে একটি অনুসন্ধান কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বাড়ানো হয়েছে নিরাপত্তাও।

বিজেপি এই ঘটনার তদন্ত দাবি করেছে।

৪) কেন্দ্রের জল জীবন মিশন প্রকল্পে বাড়ি বাড়ি পানীয় জল পৌঁছে দিতে আরো ৮০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

৫) হাওড়া ময়দান থেকে ধর্মতলা সহ তিনটি নতুন রুটে মেট্রো পরিষেবা আজ শুরু হয়েছে।

---

আসন্ন লোকসভা নির্বাচনের দিনক্ষণ আগামীকাল ঘোষণা করা হবে। নতুন দিল্লির বিজ্ঞান ভবনে বেলা ৩ টে নির্বাচনী সূচী প্রকাশিত হবে বলে নির্বাচন কমিশনের এক

প্রেস বিবৃতিতে জানানো হয়েছে। একইসঙ্গে অরুণাচল প্রদেশ, অন্ধ্রপ্রদেশ, সিকিম ও ওড়িষায় বিধানসভা নির্বাচনের নির্ঘন্টও ঘোষণা করা হবে।

উল্লেখ্য, বর্তমান লোকসভার মেয়াদ শেষ হচ্ছে এবছর ১৬’ই জুন।

এদিকে,  অবসরপ্রাপ্ত IAS আধিকারিক জ্ঞানেশ কুমার এবং সুখবীর সিং সান্ধু আজ নির্বাচন কমিশনারের পদে দায়িত্বভার গ্রহণ করেছেন। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার তাঁদের স্বাগত জানান।

তৃণমূল কংগ্রেস এরাজ্যে এক দফা ভোটের দাবি জানিয়েছে। মন্ত্রী শশী পাঁজা বলেছেন, কেন্দ্রীয় বাহিনী যাতে কোনোভাবে ভোটারদের প্রভাবিত ও ভীতি প্রদর্শন না করে, সেই দিকটাও দেখা দরকার।

বাইট

এদিকে হাওড়া সদর লোকসভা আসনের বিজেপি প্রার্থী রথীন চক্রবর্তী আজ ঐ রুটে নতুন মেট্রো স্টেশনেই প্রচার চালান।

উত্তরপ্রদেশের আজমগড়ের সাংসদ দীনেশ লাল যাদব আজ আসানসোলে বিজেপির দলীয় প্রচার কর্মসূচিতে অংশ নেন। ঘাঘরবুড়ি মন্দিরে পুজো দিয়ে বার্ণপুরে রোড শো সহ কর্মসূচীতে অংশ নেন তিনি।

---------------------------

ব্যারাকপুরের সাংসদ অর্জুন সিং এবং তমলুকের তৃণমূল কংগ্রেস সাংসদ দিব্যেন্দু অধিকারী আজ বিজেপিতে যোগ দিয়েছেন। নতুন দিল্লীতে দলরে সদর দপ্তরে পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত অমিত মালব্যের উপস্থিতিতে তারা ঐ দলে যোগ দেন। পরে ব্যারাকপুরের সাসংদ অর্জুন সাংবাদিকদের বলেন, বাংলায় আইনের শাসন নেই।

প্রশাসন ও দুষ্কৃতীরা হাতে হাত মিলিয়ে রাজ্য চালাচ্ছে। সন্দেশখালি ঘটনারও তীব্র সমালোচনা করেন তিনি।

বাইট

অন্যদিকে তমলুকের সাংসদ দিব্যেন্দু অধিকারী বলেছেন, বাংলায় মহিলাদের সম্মান নেই বলেই তাঁর বিজেপিতে যোগদানের এই সিদ্ধান্ত। তাঁর দাবি, মুখ্যমন্ত্রী লক্ষ্মীর ভান্ডার করলেও মহিলাদের যথাযথ সম্মান দেন নি। সন্দেশখালি ঘটনার উল্লেখ করে দিব্যেন্দুর দাবি, সেখানে, বিশেষ করে মহিলাদের ওপর যা ঘটেছে, তা অত্যন্ত নিন্দনীয়।

বাইট

উল্লেখ্য, রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ভাই দিব্যেন্দু অধিকারী দীর্ঘদিন ধরেই দলে নিষ্ক্রীয় ছিলেন।

অন্যদিকে, লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস, পার্থ ভৌমিককে ব্যারাকপুর আসন থেকে প্রার্থী করার পরই অর্জুন বিজেপিতে যোগ দেওয়ার কথা জানান।

এদিকে, পার্থ ভৌমিক বলেছেন, ক্ষমতায় টিকে থাকার জন্য নির্বাচনী টিকিট পাওয়ার লক্ষ্যেই অর্জুন বিজেপিতে গেলেন। তার কাছে দল, আদর্শ বা নীতি বলে কিছু নেই।

বাইট

---------------------------

কোচবিহার এক নম্বর ব্লকের মোয়ামারি গ্রাম পঞ্চায়েতের ২ জন তৃণমূল সদস্য আজ বিজেপিতে যোগদান করেছেন। বিজেপি পার্টি অফিসে কোচবিহারের সাংসদ তথা

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিকের হাত ধরে তারা বিজেপিতে যোগ দেন। এই গ্রাম পঞ্চায়েতের মোট আসন ১৬, সবকটিই তৃণমূলের দখলে।

--------------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির শারীরিক অবস্থা এখন স্থিতিশীল। তবে রক্ত ক্ষরণের জন্য তাঁর সামান্য শরীরিক দুর্বলতা রয়েছে। চিকিৎসকরা মুখ্যমন্ত্রীকে আগামী কয়েকদিন বিশ্রামে থাকার পরামর্শ দিয়েছেন। এসএসকেএম-এর তিন বিশেষজ্ঞ চিকিৎসক আজ মুখ্যমন্ত্রীর বাড়িতেই গিয়েই তাঁকে দেখে আসেন। এদের মধ্যে ছিলেন একজন হৃদরোগ বিশেষজ্ঞ এবং একজন নিউরো সার্জেন।

এদিকে মুখ্যমন্ত্রীর বাড়িতে গতকালের ঐ দুর্ঘটনার কারণ খতিয়ে দেখতে একটি অনুসন্ধান কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিন সদস্যের ঐ কমিটির নেতৃত্বে থাকছেন কলকাতার পুলিশ কমিশনার। অন্যদের মধ্যে আছেন ডিসি সাউথ এবং কালীঘাটের আইসি। নগরপাল  কমিশনার বিনীত গোয়েল ও মেয়র ফিরহাদ হাকিম আজ আজ মুখ্যমন্ত্রীর  মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করতে যান। তারপরেই অনুসন্ধান কমিটি গড়ার সিদ্ধান্ত নেওয়া হয়।

গতকালের দুর্ঘটনার পর মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে নিরাপত্তাও বাড়ানো হয়েছে। লালাবাজারের একটি বিশেষ টিম আজ তাঁর বাড়িতে যান। ঘটনাস্থল পরিদর্শনের পাশাপাশি তাঁরা মুখ্যমন্ত্রীর নিরাপত্তার দায়িত্বে থাকা ব্যক্তিদের বয়ান রেকর্ড করেন। খতিয়ে দেখেন সিসিটিভি ফুটেজও। কালিঘাট থানার সঙ্গে যৌথভাবে লালাবাজার ঘটনার তদন্ত করছে।

এদিকে, মমতা ব্যানার্জির সুস্থতার কামনায় বিভিন্ন জেলায় পূজাপাঠ করছেন দলীয় কর্মী সমর্থকরা। আজ সকালে বিধাননগরের দত্তাবাদ অঞ্চলে যাগযজ্ঞের আয়োজন

করেন ৩৮ নম্বর ওয়ার্ডের তৃণমূল কংগ্রেস সভাপতি নির্মল দত্ত। দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবার ২ নম্বর ব্লকের তৃণমূল কংগ্রেস কর্মীরা স্রোতের পোলে কালি মন্দিরে পুজো দেন।

কোচবিহারের শীতলকুচিতেও বিভিন্ন মন্দিরে পূজো দেন তৃণমূল কংগ্রেস জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল, মুখ্যমন্ত্রীর দ্রুত আরোগ্য কামনা করে যে শুভেচ্ছাবার্তা পাঠিয়েছিলেন, সেজন্য তৃণমূল কংগ্রেস নেত্রী তাঁর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছেন। তিনি আজ এক্স হ্যান্ডেলে প্রধানমন্ত্রী ছাড়াও বাকি যেসমস্ত রাজনীতিক ও বিশিষ্ট ব্যক্তি তাঁর আরোগ্য কমনা করেছেন, তাঁদেরও ধন্যবাদ জানান।

---------------------------

বিজেপি, মুখ্যমন্ত্রীর আহত হওয়ার ঘটনায় তদন্ত দাবি করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এক ভিডিও বার্তায় মমতা ব্যানারজির দ্রুত সুস্থতার কামনা করে বলেন,মুখ্যমন্ত্রীর মনে হয়েছে কেউ তাকে ধাক্কা মেরেছিল। তাই কি ঘটেছে তার তদন্ত হওয়া দরকার।

---------------------------

কেন্দ্রীয় সরকারের জল জীবন মিশন প্রকল্পের আওতায় বাড়ি বাড়ি পানীয় জলের সংযোগ পৌঁছে দিতে আরো ৮০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এর অর্ধেক কেন্দ্র ও বাকি অর্ধেক রাজ্য সরকার বহন করবে। জনস্বাস্থ্য কারিগরি দফতর সূত্রে জানা গেছে, চলতি আর্থিক বছরে জল জীবন মিশনে রাজ্যকে আট হাজার কোটি টাকা বরাদ্দ হয়েছিল। সেই অর্থ খরচ করে কেন্দ্রীয় সরকারের কাছে কমপ্লায়েন্স রিপোর্ট পাঠানো

হয়েছে। তাই এখন প্রকল্পের কাজ চালিয়ে যেতে অতিরিক্ত আরও প্রায় ৮০০ কোটি টাকা বরাদ্দ নিশ্চিত করা হয়েছে। প্রশাসনিক সূত্রের খবর, ২০১৯-২০ আর্থিক বছর থেকে গত ৯ জানুয়ারি পর্যন্ত এই খাতে কেন্দ্র প্রায় ৮৪৭৮ কোটি টাকা দিয়েছে। সমপরিমাণ অর্থ বরাদ্দ করেছে এ রাজ্যও। এ পর্যন্ত সব মিলিয়ে এই প্রকল্পে প্রায় ১৯ হাজার কোটি টাকা দেওয়া হয়েছে রাজ্যকে।

---------------------------

হাওড়া ময়দান থেকে ধর্মতলা পর্যন্ত শুরু হলো মেট্রো পরিষেবা। নদীর তলা দিয়ে দেশের প্রথম এই মেট্রো পরিষেবায় জুড়ে গেল হাওড়া ও কলকাতা। হাওড়া ময়দান স্টেশনটি দেশের মধ্যে গভীরতম মেট্রো স্টেশন।

হুগলী নদীর নীচ দিয়ে প্রথম ভ্রমণের শরিক হতে যাত্রীদের মধ্যে উৎসাহ ছিল তুঙ্গে।

যাত্রীদের উৎসাহ দেখে খুশী মেট্রো কর্তৃপক্ষ। কলকাতা মেট্রোর মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেন, মেট্রোর জন্য এটি অত্যন্ত গর্বের দিন।

বাইট

আমাদের জেলা সংবাদদাতা সর্বাণী শর্মা কথা বলেছেন, দুজন যাত্রীর সঙ্গে।

বাইট

নিউ গড়িয়া-রুবি অরেঞ্জ লাইন এবং জোকা–মাঝেরহাট পার্পেল লাইনে'ও শুরু হয়েছে মেট্রো পরিষেবা।

---------------------------

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে সিগন্যাল ব্যবস্থার আধুনিকীকরণ কাজের জন্য আগামী কাল ও রবিবার ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে। এর প্রেক্ষিতে পশ্চিমবঙ্গ পরিবহন নিগম WBTC ওই দুদিন বিশেষ বাস পরিষেবা দেবে। ব্যারাকপুর স্টেশন থেকে ডানলপ পর্যন্ত ভায়া টিটাগড়, খড়দহ, পনিহাটি, রথতলা হয়ে এবং দমদম সেন্ট্রাল জেল থেকে বেলগাছিয়া মেট্রো পর্যন্ত নাগেরবাজার, শ্যামনগর, লেক টাউন ক্রসিং, পাতিপুকুর রুটে এই বাস পরিষেবা দেওয়া হবে বলে WBTC র ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর আজ এক নির্দেশিকায় জানিয়েছেন। ওই বাস পরিষেবার জন্য WBTC-র নীলগঞ্জ, বেলঘরিয়া, পাইকপাড়া, টিটাগড়, বেলগাছিয়া ও রাজাবাজার ডিপো কে অতিরিক্ত বাস দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, ট্রেন চলাচলের নিয়ন্ত্রণের কথা উল্লেখ করে রেলের পক্ষ থেকে রাজ্যের পরিবহন সচিব ডক্টর সৌমিত্র মোহন কে চিঠি দেওয়া হয়।

-------------------------- --------------------------